রোয়াংছড়িতে পরিত্যাক্ত ফরেস্ট অফিসে দুর্বৃত্তের দেওয়া অগ্নিকাণ্ডে সাতটি ছাগল পুড়ে ছাই

রোয়াংছড়ি প্রতিনিধি:

রোয়াংছড়ি উপজেলা সদর পাইক্ষ্যং রেঞ্জের আবাসিক এলাকার পরিত্যাক্ত ফরেস্ট স্টাফ কোয়াটারে অগ্নিসংযোগ’র ঘটনা ঘটেছে।

মঙ্গলবার রাত প্রায় দেড় (১.৩০)টার দিকে এ অগ্নিকাণ্ডের ঘটনা ঘটে। দুর্বৃত্তদের দেওয়া অগ্নিকাণ্ডে ৭টি ছাগল পুড়ে ভস্ম হয়ে যায়।

ফরেস্ট গার্ড গুরাঙ্গ গুপ্ত জানায়, দীর্ঘ দিন যাবৎ ফরেস্ট স্টাফ কোয়াটার পরিত্যক্ত ছিল কে বা কারা অগ্নিকাণ্ড ঘটিয়েছে তিনি জানেন না।

ছাগলের মালিক মো. বশির বলেন, ফরেস্ট অফিসের পাশাপাশি দীর্ঘদিন ধরে বসবাস করে আসছি। তবে এভাবে কোন ঘটনা ঘটেনি, কে বা কারা অগ্নিকাণ্ড ঘটিয়েছে তিনিও জানেন না। পরিত্যাক্ত ঘরে রাতে মোহম্মদ বশির ছাগল রাখতেন। দুর্বৃত্তের দেওয়া অগ্নিকাণ্ডে ৮টি ছাগলের মধ্যে ৭টি ছাগল আগুনে পুড়ে মারা গেছে ১টি ছাগল বেঁচে আছে।

খবর পেয়ে বুধবার সকালে উপজেলা ভাইস চেয়ারম্যান ক্যসাইনু মারমা, মহিলা ভাইস চেয়ারম্যান মাইসাং মারমা, রোয়াংছড়ি সদর ইউপির চেয়ারম্যান চহ্লামং মারমা, রোয়াংছড়ি থানা অফিসার ইনচার্জ ওসি মো. ওমর আলীর পৃথক পৃথক ভাবে ঘটনাস্থলে পরিদর্শন করেন।